

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯০২

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৪. হায়েযের পরে যদি ঘোলা (মেটে) বর্ণ দেখা দেয়

بَابُ الْكُدْرَةِ إِذَا كَانَتْ بَعْدَ الْحَيْضِ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ يَحْيَى حَدَّثَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ خَالِدٍ الْحَذَّاءِ عَنْ عِكْرِمَةَ عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اعْتَكَفَ وَاعْتَكَفَ مَعَهُ بَعْضُ نِسَائِهِ وَهِيَ مُسْتَحَاضَةٌ تَرَى الدَّمَ فَرُبَّمَا وَضَعَتْ الطَّسْتَ تَحْتَهَا مِنْ الدَّمِ وَزَعَمَ أَنَّ عَائِشَةَ رَأَتْ مَاءَ الْعُصنْفُرِ فَقَالَتْ كَانَ هَذَا شَيْئًا كَانَتْ فُلَانَةُ تَجِدُهُ

إسناده صحيح

বাংলা

৯০২. আয়িশা রাদ্বিয়াল্লাভ্ আনহা হতে বর্ণিত, নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম (রমযান মাসে) ই'তিকাফ করেলেন, তার কোনো স্ত্রীও তাঁর সাথে ই'তিকাফ করেছিলেন। আর তিনি ছিলেন ইসতিহাযাগ্রস্ত। ফলে তিনি রক্ত দেখতে পেতেন। তিনি রক্ত স্রাবের কারণে প্রায়ই তার নিচে একটি পাত্র বসিয়ে রাখতেন এবং তার (বর্ণনাকারী ইকরিমার) ধারণা, আয়িশা রা: হলুদ রংয়ের পানি দেখে বললেন: এ তো সেই বস্তু যা অমুক (আল্লাহর রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লামের কোনো স্ত্রী') দেখতে পেয়েছিল।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী, ৩০৯, ৩১০; আহমাদ ৬/১৩১; আবু দাউদ ২৪৭৬; ইবনু মাজাহ ১৭৮০; বাইহাকী ১/৩২৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)



 ${\it o}$ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76279

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন